যুগান্তর

তারিখ : 23 AUG 2016
পৃষ্ঠা ৩৫ কলাম ৫

# নবাবগঞ্জে টেকনিক্যাল কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন

**স্টাফ রিপোর্টার,** *নবাবগঞ্জ*

ঢাকার নবাবগঞ্জের উত্তর চৌকিঘাটা গ্রামে 'ওসমান দারোগা টেকনিক্যাল কলেজের' ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। সোমবার উদ্বোধন করেন সাবেক অতিরিক্ত আইজিপি মো. নাজমুল হক ও অতিরিক্ত ডিআইজি হাবিবুর রহমান। পরে ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানের সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মো. নাজমুল হক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা জেলা পুলিশ সুপার শাহ মিজান শাফিউর রহমান, বাংলাদেশ এডুকেশন অ্যান্ড টেকনোলজি সোসাইটির চেয়ারম্যান এনামুল হক খন্দকার। উপস্থিত ছিলেন সাবেক এমপি আবু মো. সুবেদ আলী টিপু, ঢাকা জেলা অতিরিক্ত পুলিশ সুপার মো. মনিরুজ্জামান, কেরানীগঞ্জ সার্কেল এসএসপি মিনহাজুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা শাকিল আহমেদ, মুক্তিযোদ্ধা কমান্ডার শাহ মো. আবু বক্কর সিদ্দিকী, নবাবগঞ্জ থানা অফিসার ইনচার্জ মোস্তফা কামাল, শিক্ষা কর্মকর্তা ফারুক আহমেদ, পরিদর্শক তদন্ত একেএম শামীম হাসান, ইউপি চেয়ারম্যান মো. ইব্রাহীম খলিল, আবেদ হোসেন, মো. পান্নু, সমাজকর্মী ডা. আবদুস সালাম, হারুন-অর-রশিদ উসমানী, আলহাজ উল্লাহ প্রমুখ। সুধী সমাবেশে কলেজের উন্নয়নে অনুদান ঘোষণা করেন, নবাবগঞ্জের পরিবহন ব্যবসায়ী নাগির্স মল্লিক ৫ লাখ, কলাকোপা ইউপি চেয়ারম্যান ইব্রাহীম খলিল ১ লাখ, সাহানা বেগম ১ লাখ, মুক্তিযোদ্ধা আবু বক্কর সিদ্দিকী ১ লাখসহ আরও অনেকে।